

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫০৭  
আগরতলা, ০৭ মার্চ, ২০১৯

**সেবার মানসিকতা নিয়ে কর্মচারীদের কাজ করতে হবে : রাজ্যপাল**

আজ রাজ্যপাল প্রফেসর কাপ্তান সিং সোলাঙ্কি ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের উদ্যোগে আয়োজিত এক স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। টি পি এস সি কার্যালয়ে আয়োজিত এই রক্তদান শিবিরে রাজ্যপাল ছাড়াও উপস্থিত ছিলেন টি পি এস সি'র চেয়ারম্যান জগদীশ সিং এবং সদস্য হীরালাল দেববর্মা। টি পি এস সি'র এই উদ্যোগের প্রশংসা করে রাজ্যপাল বলেন, একজন সরকারি কর্মচারিকে তার কর্মজীবনে শাসন করার মানসিকতা নিয়ে কাজ না করে সেবা করার মানসিকতা নিয়ে কাজ করতে হবে। তবেই জনসাধারণকে সুশাসন দেওয়া সম্ভব হবে। এই রক্তদান শিবিরে মোট ২১জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*